গাংনীর লাইসিয়াম স্কুলের মতবিরোধের অবসান

মেহেরপুরের গাংনী শহরের লাইসিয়াম মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক ও শিক্ষকদের মধ্যে দীর্ঘ দিনের মতবিরোধের অবসানের লক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এক লিখিত আবেদনের প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক উপস্থিত হয়ে সকলের মতামত গ্রহণ করেন।

মতামত গ্রহণ শেষে বিদ্যালয়ের পরিচালক হিসেবে প্রাথমিকভাবে প্রতিষ্ঠাতা পরিচালক আমিরুল ইসলামকে পুনরায় দায়িত্ব দেয়া হয় এবং একটি পরিচালনা পর্ষদ গঠন করা হয়। এ পরিচালনা পরিষদের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

এ সময় এম এখালেক উভয় পক্ষের উদ্দেশ্যে বলেন, আপাতত প্রাথমিকভাবে একটি পরিচালনা পরিষদ গঠন করা হচ্ছে। এই কমিটির মাধ্যমে সকলের মতামতের একটি সুনির্দিষ্ট গঠনতন্ত্র তৈরী করা হবে যাতে করে বিদ্যালয়টিতে আগামীতে এ ধরণের উদ্ভুত পরিস্থিতি তৈরি না হয়।

মতবিনিময় সভা অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হাজী শফি কামাল পলাশ, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম শাহ, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু বাজার কমিটির সভাপতি মহাববুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বুলু সহ বিদ্যালয়ের প্রতিষ্ঠানকালি পরিচালক আমিরুল ইসলাম ও সকল শিক্ষক কর্মচারি অবিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বসত ঘরে আগুন

মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের জিয়াউর রহমানের বসত বাড়িতে অগ্নীকান্ডের ঘটনায় আসবাপত্র পুড়ে গেছে। শনিবার দিবাগত রাতের কোন এক সময়ে এ ঘটনা ঘটে।

বাড়ীর মালিক জিয়াউর রহমান জানান, রবিবার সকালে শ^শুর বাড়ী থেকে ফিরে এসে এ অগ্নীকান্ডের ঘটনা দেখতে পায়। সংবাদ পেয়ে বামন্দি সাব-ষ্টেশনের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে এস অগুন নিয়ন্ত্রনে আনে।

তিনি আরো জানান, তিনি স্বপরিবারে মেহেরপুর এলাকায় শ^শুর বাড়ীতে বেড়াতে যান। রোববার ভোরে বাড়ীতে এসে দেখেন তার বসত ঘরের মধ্যে আগুন জ্বলছে। ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আসে।

সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছেন। জিয়াউর রহমানের স্ত্রীর দাবী উদ্দেশ্যমূলক এ ঘটনা ঘটিয়েছে।

তবে জিয়াউর রহমান এ বিষয়ে কোন অভিযোগ করবেন না বলে জানিয়েছেন।

এ অগ্নীকান্ডের ঘটনায় আসবাপত্রসহ কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

গাংনীর বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষ রোপণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া-শিশিরপাড়া সড়কে বৃক্ষরোপন কর্মসূচী পালন করেছে পৌর কৃষক লীগ।

শুক্রবার বিকালে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

এসময় তিনি বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের কোন বিকল্প । একটি করে ফলদ, বনজ ও ভেষজ গাছ লাগানোর পরামর্শ দিয়ে তিনি বলেন, ভবিষ্যত প্রজন্মকে বাসযোগ্য করে তোলার জন্য কৃষকলীগের নেতা কর্মীরা বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছে।

তিনি আরো বলেন, মুজিববর্ষের আহবান তিনটি করে গাছ লাগান এ শ্লোগানের মধ্যে দিয়ে মেহেরপুর জেলা কৃষকলীগের উদ্যোগে রাস্তার পার্শে, কবরস্থান ও পতিত জমিতে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করছে।

পৌর কৃষকলীগের সভাপতি ও পৌর কাউন্সিলর বদরুল আলম বুদুর সভাপতিত্বে অন্যান্য’র মধ্যে বৃক্ষ রোপন কর্মসূচীতে অংশ নেন গাংনী শহর আওয়ামীলীগের সহ সভাপতি ও পৌর কাউন্সিলর নবীর উদ্দীন,বামুন্দী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক ওবাইদুর রহমান কমল, ২নং ওয়ার্ডের পৌর কাউন্সিলর মিজানুর রহমান মিজান, পৌর কাউন্সিলর ফিরোজা খাতুন,কাউন্সিলর মিজানুর রহমান মদন, উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক কমরেড আব্দুস সাত্তার,সাবেক ছাত্রনেতা জামিরুল ইসলাম টিক্কা,কৃষকলীগনেতা সভাপতি মুনশাদ আলী, হাসেম আলী, আব্দুস সালাম। এ সময় বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের সদস্য পদে উপ নির্বাচন ২০ অক্টোবর

মেহেরপুরের গাংনীর ধানখোলা ইউপির ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের তফশিল ঘোষনা করা হয়েছে। ইউপি সদস্য জাফর হোসেনের মৃত্যুতে গত সোমবার নির্বাচন কমিশন এ তফশিল ঘোষনা করেন।

তফশিল অনুযায়ী আগামি ২০ অক্টোবর নির্বাচন অনুষ্ঠিত হবে। গত মঙ্গলবার রিটার্নিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কর্মকর্তা আব্দুল আজিজ এ সংক্রান্ত একটি গণ-বিজ্ঞপ্তি জারি করেছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়ন পত্র দাখিলের শেষ সময় ২৩ সেপ্টেম্বর, যাচাই বাছাই ২৬ সেপ্টেম্বর, প্রার্থীতা প্রত্যাহার ৩রা অক্টোবর ও ভোট গ্রহন ২০ অক্টোবর।

এ দিকে নির্বাচনকে কেন্দ্র করে ২ নং ওয়ার্ড জুগিন্দা গ্রামে উত্তেজনা শুরু হয়েছে। উত্তেজনা প্রশোমন করা না গেলে যে কোন সময় বড় ধরনের সহিংসতা আশংখা করছে এলাকাবাসি।

নির্বাচন অফিসার আব্দুল আজিজ বলেন,কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য ব্যবস্থা নেয়া হচ্ছে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, জুগিন্দা গ্রামে ইতোপূর্বে কয়েক দফা সংঘর্ষের ঘটনা ঘটেছে। সেই ঘটনা মামলা চলমান রয়েছে।

রাজনৈতিক কোন্দল ও নির্বাচন কে কেন্দ্র করে ইতো মধ্যে কিছুটা উত্তেজনা দেয়া দিয়েছে। তবে সহিংসতা রোধে পুলিশ সতর্ক রয়েছে। তবে নতুন করে কেউ সংঘর্ষের চেষ্টা করলে কাউকেই ছাড় দেয়া হবেনা।

গাংনীর রায়পুর ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ

মেহেরপুরের গাংনীর রায়পুর ইউপি ৩ নং ওয়ার্ডের সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে তদন্ত শেষ হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২ টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে বাদী বিবাদী ও সাক্ষীদের উপস্থিতিতে তদন্ত করেন সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা।

তদন্তকে কেন্দ্র করে সহিংশতার আশংখায় ইউপি কার্যালয়ে পুলিশ মোতায়েন করা হয়। তদন্ত কর্মকর্তা ও সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো: সামসুজ্জোহা বলেন, ঝোড়পাড়া গ্রামের ৫জন নারী পুরুষ ইউপি সদস্য বকুল হোসেনের বিরুদ্ধে বয়স্ক ও প্রতিবন্ধী ভাতার ১ হাজার টাকা করে হাতিয়ে নেয়া হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেন।

অভিযোগটি তদন্ত করতে আমাকে নির্দেশনা দেয়া হলে বিষয়টি তদন্ত করা হয়। তিনি বলেন,বাদী বিবাদী ও ইউপি চেয়ারম্যান সহ গ্রামের কয়েকজনের বক্তব্য নেয়া হয়েছে। আগামি সপ্তাহে উপজেলা নির্বাহী অফিসারের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করা হবে। সততা ও ন্যায় নিষ্ঠার সাথে তদন্ত করা হয়েছে।

ইউপি সদস্য বলেন, অভিযোগকারী ৫ জনের মধ্যে জামাল হোসেন, আকলিমা খাতুন ও রেজিয়া খাতুন তাদের অভিযোগ প্রত্যাহার করে লিখিত দিয়েছেন।

এছাড়া এ ওয়ার্ডের আরো অন্তত ৩০ জন বিভিন্ন ভাতাভোগী রয়েছেন তারা কেউ অভিযোগ করেনি। যে দুএকজন অভিযোগ করেছে সে অভিযোগ মিথ্যা। একটি মামলাকে কেন্দ্র করে ফায়দা লুটতে ও রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে ব্যার্থ হয়ে বিগত নির্বাচনে যারা পরাজিত হয়েছিলেন তারা কয়েকজনকে সাথে নিয়ে ষড়যন্ত্রের মাধ্যমে অপরাজনীতি শুরু করেছে। আসন্ন ইউপি নির্বাচনকে কেন্দ্র করে মিথ্যাচারে লিপ্ত হয়েছে। মিথ্যাচারের জবাব জনগন অবশ্যই ব্যালটের মাধ্যমেই দেবে।

তবে অভিযোগকারীরা বলেন অভিযোগ দিয়েছি সঠিক তদন্ত করা হলে সত্য বের হয়ে আসবে। রায়পুর ইউপি চেয়ারম্যার গোলাম সাকলায়েন সেপু বলেন,যেহেতু বিষয়টি তদন্তাধীন তাই এ বিষয়ে মন্তব্য করা উচিত হবেনা। তবে তদন্তের মাধ্যমে সঠিক বিষয়টা উঠে আসবে বলে মন্তব্য করেন তিনি।

এলাঙ্গী পুলিশ ক্যাম্পেরা ইনচার্জ জানান,তদন্ত চলাকালে কোন ধরনের সংঘর্ষ না হয় এজন্য কর্তৃপক্ষের নির্দেশে তদন্ত শুরু হওয়ার পূর্ব থেকেই পুলিশ মোতায়েন করা হয়েছিলো। শেষ পর্যন্ত সংঘর্ষ ছাড়াই শান্তিপূর্ন ভাবে তদন্ত শেষ হয়েছে।

গাংনীতে বিশ্বকর্মা পূজা

অনুষ্ঠিত

অঞ্জলি, পূজা-অর্চনা প্রসাদ বিতরণের মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে বিশ্বকর্মা পূজা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলা পূজা মন্দিরে বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়।

পরে বিভিন্ন জুয়েলারি ব্যবসা প্রতিষ্ঠানে নিজ নিজ উদ্যোগে বিশ্বকর্মা পূজা করা হয়। দুপুরের দিক থেকে অঞ্জলি প্রদান ও পূজা অর্চনার মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু হয়।

এ সময় ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। ব্যবসায় উন্নয়নের লক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের যুবকরা প্রতিবছরই বিশ্বকর্মা পূজার আয়োজন করে থাকে। পূজা অনুষ্ঠানে পুরোহিত হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামের শ্রী উত্তম কুমার চক্রবর্তী।

এ সময় উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক সুশান্ত কুমার পাত্র, সহ-সভাপতি সুশান্ত কুমার হালদার সহ কল্লোল পাত্র, প্রদীপ কুমার, প্রকাশ কুমার, শুভ কুমার, শ্যামল কুমার, আরাধন, সুমন ও সঞ্জয় উপস্থিত ছিলেন।

কাজিপুর ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করলেন এডিসি

মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আবু সাঈদ মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেছেন।

বৃহস্পতিবার দুপুরের দিকে অতিরিক্ত জেলা প্রশাসক কাজীপুর ভূমি অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সেখানে সেবা নিতে আসা মানুষজনের সাথে কথা বলেন। ভূমি অফিসের অন্যান্য কর্মকর্তাগণ এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

গাংনীর তেঁতুলবাড়ীয়ায় সে¦চ্ছাসেবক লীগের আলোচনা সভা

গাংনীর তেঁতুল বাড়ীয়া ইউনিয়নের হিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আওয়মী সেচ্ছা সেবক লীগের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার বিকাল ৪ টার সময় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ আরিফুল এনাম (বকুল)।

গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন যুগ্ম আহবায়ক মোঃ আরিফুল ইসলাম সোবাহান।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ, সে¦চ্ছাসেবক লীগের নেতা ও কর্মীবৃন্দ।

গাংনীর গাড়াবাড়ীয়াতে সঙ্খরান্তি পালন

গাংনীর গাড়াবাড়ীয়া গ্রামে আমাবশ্যা উপলক্ষে গাড়াবাড়ীয়া উজা গ্রুপের উদ্যেগে সঙ্খরান্তি পালন করা হয়।

বুধবার সন্ধ্যার সময় অনুষ্ঠিত সঙ্খরান্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মতিন বিশ্বাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশারত হোসেন, মহিরুল ইসলাম, রশিদুল ইসলাম,মাহাবুল হোসেনসহ অনেকে।

এ বিষয়ে উজা গ্রুপের সরদার কুদ্দুস আলী জানান মানুষ কে সাপে কামড়ালে আমরা বিভিন্ন ধরনের গাছড়া ও আরো কিছু কৌশল ব্যবহারের

মাধ্যেমে বিষ নামিয়ে থাকি। আর আমারা অমাবশ্যার সঙ্খরান্তি দিন হিসেবে কিছু রান্না করে মানুষকে খেতে দিই। যার জন্য আমাদের আজকের আয়োজন।

এ বিষয়ে মাহাবুল হোসেন জানান উজা গ্রুপ থাকাতে আমাদের গ্রামে সাপে কামড়ালে ডাক্তারেরর কাছে না গিয়ে উজাদের মাধ্যেমে বিষ নামানো হয় তাই আমাদের সমাজে এদের গুরুত্ব অপরিসীম।

গাংনীতে আত্মকর্মসংস্থানের লক্ষে ছাগী বিতরণ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি বাস্তবায়িত “বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি ও ছাগল বিতরণ প্রকল্প”র আওতায় ১৫টি দরিদ্র পরিবারকে তাদের আত্মকর্মসংস্থানের জন্য ১টি করে ব্লাক বেঙ্গল ছাগী প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

সংস্থার নির্বাহী পরিচালক মুহাঃ মোশাররফ হোসেন সংস্থার বিভিন্ন কার্যক্রম এবং “বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি ও ছাগল বিতরণ প্রকল্প” সম্পর্কে প্রধান অতিথিসহ সকলকে অবহিত করেন । প্রধান অতিথি সংস্থার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

মানবতার সেবায় নিয়োজিত বিভিন্ন কার্যক্রম পরিচালনা করায় সংস্থাটির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন প্রধান অতিথি আর এম সেলিম শাহনেওয়াজ।

অনুষ্ঠিানে আরো উপস্থিত ছিলেন সংস্থার উপ-পরিচালক কামরুজ্জামান সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা বৃন্দ।